অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/16/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারীর মধ্যে গভর্নর কুওমো জাতীয় "মাস্ক আপ আমেরিকা" প্রচারাভিযান শুরু করেছে

নিউ ইয়র্ক জাতির প্রতি মাস্ক পরা এবং ভাইরাসের বিস্তার রোধে সাহায্য করার জন্য বার্তা জানিয়েছে

যত বেশি সম্ভব আমেরিকানের কাছে জরুরি মাস্ক পরার তথ্য পৌঁছে দেওয়ার জন্য নিউ ইয়র্ক প্রযোজক জেন রোজেনথাল, পরিচালক ক্যাথরিন বিগেলো এবং বিজ্ঞাপন কাউন্সিলের সাথে অংশীদার হয়েছে

মর্গান ফ্রিম্যানের বর্ণনায় "ইউ হ্যাভ মাই রেস্পেক্ট" দেখুন এখানে

জেফ্রি রাইটের বর্ণনায় "অ্যান ইজি লিফট" দেখুন এখানে

সারা দেশের অনেক স্টেটে চলমান COVID-19 মহামারী দ্রুত ছড়িয়ে পড়ার সাথে সাথে সব আমেরিকানদের জনসম্মুখে মাস্ক পরার মাধ্যমে ভাইরাসের সঙ্ক্রমণ রোধে সহায়তা করার জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ জাতীয় "মাস্ক আপ আমেরিকা" শিক্ষা এবং সচেতনতা প্রচারাভিযান শুরু করেছেন। জেন রোজেনথাল, প্রযোজক এবং ট্রাইবেকা এন্টারপ্রাইজের প্রধান নির্বাহী কর্মকর্তা, একাডেমি পুরস্কার বিজয়ী পরিচালক ক্যাথরিন বিগেলো সঙ্গে বিজ্ঞাপন সিরিজ প্রযোজনা করেছেন। এই বার্তা প্রচার এবং সচেতনতা বৃদ্ধির জন্য রবার্ট ডি নিরো, কেইটলিন ডেভার, জেমি ফক্স, মর্গান ফ্রিম্যান, জন লেগুইজামো, অ্যান্থনি ম্যাকি, রোজি পেরেজ, এলেন পম্পেও এবং জেফ্রি রাইট তাদের কণ্ঠস্বর এবং প্রতিভা ব্যবহার করেছেন। ক্রিয়েটিভ এজেন্সি TBWA\কিয়াট\ডে নিউ ইয়র্ক লোগো এবং ব্র্যান্ডিং উন্নয়নে সহায়তা করেছে।

"যখন এই মহামারী আমাদের স্টেটে আঘাত হানে তখন নিউ ইয়র্কবাসী চরম দুর্ভোগের সম্মুখীন হয় এবং অন্যান্য স্টেটকে COVID-19 এর বৃদ্ধির সাথে লড়াই করতে দেখে, আমরা নিশ্চিত হতে চাই যে সকল আমেরিকান আমরা যা জানি তা জানে- একে অপরকে রক্ষা করার জন্য মাস্ক পরা অত্যাবশ্যক," **গভর্নর কুওমো বলেন।** "আমর এই ভাইরাসকে পরাজিত করতে পারবো যদি আমরা ঐক্যবদ্ধ থাকি, মতাদর্শ বা রাজনীতি দ্বারা বিভক্ত নয়। এই চেতনায় আমরা সেরা এবং সবচেয়ে সৃজনশীল দলের সাথে কাজ করেছি এই গুরুত্বপূর্ণ বার্তাটি নানাভাবে এবং বিভিন্ন কণ্ঠে পৌঁছে

দেওয়ার জন্য – আমি আপনাকে রক্ষা করার জন্য একটি মাস্ক পরে থাকি এবং আপনি আমাকে রক্ষা করার জন্য একটি মাস্ক পরেন। এটা এতটাই সহজ। মাস্ক আপ আমেরিকা।"

এই প্রচারণার মধ্যে রয়েছে আটটি টিভি পাবলিক সার্ভিস ঘোষণার (PSA) একটি সিরিজ, যার মধ্যে প্রথম দুটি আজ পাওয়া যাবে। সকল PSA সম্প্রচার এবং ডিজিটাল মিডিয়া আউটলেটগুলির ব্যবহারের জন্য বিজ্ঞাপন কাউন্সিলের সাথে যৌথভাবে পাওয়া যাবে। PSA গুলি সারা দেশে দান করা মিডিয়া সময় এবং ব্যবস্থায় প্রচারিত হবে।

বিজ্ঞাপন কাউন্সিলের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা লিসা শারম্যান বলেন, "সারা দেশে এই ভাইরাসের প্রকোপ ক্রমাগত বাড়তে থাকায় আমরা এই গুরুত্বপূর্ণ বার্তায় গভর্নর কুওমোর অফিসের সাথে অংশীদার হতে পেরে এবং সকল আমেরিকানদের মুখাবরণ পরতে অনুপ্রাণিত করতে পেরে গর্বিত।"

আটটি 30 সেকেন্ডের টেলিভিশন স্পট, যা জুলাই মাস জুড়ে চালু করা হবে, তার মধ্যে রয়েছে:

1. "ইউ হ্যাভ মাই রেস্পেক্ট"
2. "জয়েন দ্য ব্যাটল"
3. "কাম অন, আমেরিকা"
4. "ফর দ্য লাভ অফ"
5. "অ্যান ইজি লিফট"
6. "ফেস ফ্যাক্টস"
7. "ইটস ইওর শিফট"
8. "শো সাম লাভ"

বেশ কিছু স্পট ইংরেজি এবং স্প্যানিশ উভয় সংস্করণে পাওয়া যাবে, এবং এছাড়াও রেডিও জন্য পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন